# দুবাইয়ে চালু হচ্ছে বিশ্বের প্রথম ব্যক্তিগত রোবোকার

- A Monitor Desk Report	Date: 24 September, 2025



**ঢাকাঃ রোবোকার নিয়ে এতদিনকার সব আলাপ ছিল কোম্পানির অধীনে পরিচালিত বহরভিত্তিক। শিগগিরই দুবাইয়ের বাসিন্দারা ব্যক্তিগত বাহন হিসেবে সর্বশেষ প্রযুক্তির এ গাড়ি নিজের গ্যারেজে রাখতে পারবেন। শীর্ষস্থানীয় এআই কোম্পানি টেনসর উন্মোচন করতে যাচ্ছে টেনসর রোবোকার।**

এটি হতে যাচ্ছে বিশ্বের প্রথম ব্যক্তিগত মালিকানাধীন লেভেল ফোর চালকবিহীন গাড়ি।

চলতি সপ্তাহে অনুষ্ঠিত হতে যাওয়া ‘দুবাই ওয়ার্ল্ড কংগ্রেস ফর সেলফ-ড্রাইভিং ট্রান্সপোর্টে’ গাড়িটির উন্মোচন হবে। প্রচলিত বাহন বা ইভিতে চালকবিহীন ড্রাইভিংয়ে রূপান্তর হলো গাড়ির তৈরির পরের ধাপ। টেনসরের রোবোকার শুরু থেকেই সম্পূর্ণ চালকবিহীন গাড়ি হিসেবে তৈরি হচ্ছে।

শতাধিক সেন্সর সমন্বিত এ রোবোকারে রয়েছে ৩৭টি ক্যামেরা। আরো থাকবে লেজার ব্যবহার করে আশপাশের এলাকা, বস্তু ও দূরত্ব মাপতে পারে এমন পাঁচটি লিডার ও ১১টি রাডার। রোবোকারে থাকছে বিদ্যুৎ, যোগাযোগ ও নিয়ন্ত্রণ ব্যবস্থায় পূর্ণাঙ্গ ব্যাকআপ, এতে যেকোনো পরিস্থিতিতে গাড়িটি কার্যক্রম চালিয়ে যেতে পারে।

টেনসরের চিফ মার্কেটিং অফিসার এমি লুকা বলেন, ‘আমরা টেনসরকে দুবাইয়ে নিয়ে আসতে পেরে উচ্ছ্বসিত। এ শহর উদ্ভাবন ও অগ্রগামী চিন্তার প্রতীক। আমাদের গাড়িটি কোনো কনসেপ্ট ডিজাইন নয়এটাই বিশ্বের প্রথম বাস্তব ব্যক্তিগত রোবোকার।’ এ রোবোকার পরিচালিত হবে টেনসর ফাউন্ডেশন মডেলের মাধ্যমে। এটি বাস্তব ও সিমুলেটেড ডাটাসেট বিশ্লেষণ করে সিদ্ধান্ত নেয়। এর দ্বৈত এআই সিস্টেম মানব মস্তিষ্কের অনুকরণে কাজ করে।

সিস্টেম-১ দ্রুত ও পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত নেয়, সিস্টেম-২ জটিল ও বিরল পরিস্থিতিতে বহুমাত্রিক সম্ভাবনাগুলো বিশ্লেষণ করে। মরুভূমি ও বালিময় পরিবেশের জন্য সেন্সর পরিষ্কারকরণ ব্যবস্থা ও প্রতিরক্ষামূলক কভার, চালকবিহীন পার্কিং ও চার্জিং, অফলাইন অবস্থায়ও ডাটা

বিশ্লেষণ করতে পারে টেনসরের রোবোকার।

এতে গোপনীয়তা সুরক্ষায় রয়েছে বিশেষ কিছু ব্যবস্থা। টেনসরের বৈশ্বিক অংশীদারদের মধ্যে রয়েছে বিশ্ববিখ্যাত কিছু প্রযুক্তি সংস্থা। যেমন এনভিডিয়া, সনি, ভিনফাস্ট ও ওরাকল। এছাড়া বিশ্বের প্রথম রোবোকারে বীমা পরিষেবা দেবে মার্শ।

আগামী বছরের দ্বিতীয়ার্ধে (জুলাই-ডিসেম্বর) দুবাইয়ের গ্রাহকরা টেনসর রোবোকার নিজেদের গ্যারেজে দেখতে পাবেন।

-B